

## শোক সংবাদ



### অধ্যাপক ড. আ.র.ম. আলী হায়দার-এর মৃত্যুতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ-এর শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামিক স্টাডিজ বিভাগের অনারারি অধ্যাপক ড. আ.র.ম. আলী হায়দার গতকাল ০৫ মে শুক্রবার চিকিৎসাধীন অবস্থায় রাজধানীর একটি হাসপাতালে ইস্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। শোকবাণীতে মাননীয় উপাচার্য বলেন, আমার শ্রদ্ধেয় শিক্ষক অধ্যাপক ড. আ.র.ম. আলী হায়দার ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন খ্যাতিমান গবেষক ও আন্তর্জাতিক ইসলামি চিন্তাবিদ ছিলেন। তিনি বাংলাদেশে সুফি দর্শনের চর্চা প্রচার ও প্রসারে এবং ইসলামি দর্শন বিষয়ক শিক্ষা ও গবেষণায় অবদানের জন্য স্মরণীয় হয়ে থাকবেন। তিনি ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান, সংখ্যাতিরিক্ত অধ্যাপক, অনারারি অধ্যাপকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অত্যন্ত নিষ্ঠা, দক্ষতা ও সততার সাথে দায়িত্ব পালন করেছেন।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং শোকাহত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

স্বাক্ষরিত

অনুলিপি:

- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- অফিস নথি।

(ড. মো. আবু হানিফা)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়